বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

মুজিব বর্ষের অঙ্গীকার
"সর্বোচ্চ দক্ষতায় নিয়ম মেনে কাজ করবো,
অন্যায় করবো না, অন্যায় হতে দেবো না।"

# টিএসপি কমপ্লেক্স লিঃ
# TSP COMPLEX LTD.
(AN ENTERPRISE OF BCIC)

মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন

সূত্র নং-৩৬.০১.১৫৬৫.৬৭০.১১.২৬১.২২/১৫৭৯

তারিখঃ-২৭-১০-২০২২খ্রি

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) এর নিয়ন্ত্রনাধীন টিএসপি কমপ্লেক্স লিমিটেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম এর জন্য নিম্নোক্ত শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড | বেতন স্কেল | বয়সসীমা (বছর) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | অফিস সহকারী | ০৩ | ১২ | ১১৩০০-২৭৩০০/- | ১৮-৩০ বছর | সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসমেত স্নাতক ডিগ্রি অথবা মাস্টার্স ডিগ্রি। |
| ২ | হিসাব সহকারী | ০১ | ১২ | ১১৩০০-২৭৩০০/- | ১৮-৩০ বছর | সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসমেত স্নাতক ডিগ্রি অথবা মাস্টার্স ডিগ্রি। |
| ৩ | নিরাপত্তা পরিদর্শক | ০২ | ১২ | ১১৩০০-২৭৩০০/- | ১৮-৩০ বছর | সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসমেত স্নাতক ডিগ্রি অথবা মাস্টার্স ডিগ্রি। |
| ৪ | নক্সাকার | ০২ | ১২ | ১১৩০০-২৭৩০০/- | ১৮-৩০ বছর | ৪ বছরের অভিজ্ঞতাসহ ড্রাফটসম্যান শীপ এ ডিপ্লোমা। |
| ৫ | ক্রয় সহকারী | ০১ | ১২ | ১১৩০০-২৭৩০০/- | ১৮-৩০ বছর | সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসমেত স্নাতক/সমমান পরীক্ষা পাশ। |
| ৬ | ফায়ার পরিদর্শক | ০১ | ১৩ | ১১০০০-২৬৫৯০/- | ১৮-৩০ বছর | ৪ বছরের অভিজ্ঞতাসহ ফায়ার ফাইটিং ও সিভিল ডিফেন্সে ন্যূনতম ০১ (এক) বছরের প্রশিক্ষণসহ এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ। |
| ৭ | লাইব্রেরিয়ান গ্রেড-২ | ০১ | ১৬ | ৯৩০০-২২৪৯০/- | ১৮-৩০ বছর | লাইব্রেরি সায়েন্সে ডিপ্লোমাসহ স্নাতক ডিগ্রি/সমমান পরীক্ষায় পাশ। |
| ৮ | ইমাম | ০১ | ১৬ | ৯৩০০-২২৪৯০/- | ১৮-৩০ বছর | মাদ্রাসা বোর্ড হতে ন্যূনতম ২য় শ্রেণির ফাজিল পাশ। |
| ৯ | জুনিয়র ক্লার্ক | ০৪ | ১৬ | ৯৩০০-২২৪৯০/- | ১৮-৩০ বছর | ৩ বছরের অভিজ্ঞতাসহ এইচএসসি/সমমান পরীক্ষা পাশ। |
| ১০ | কম্পিউটার অপারেটর | ১১ | ১৬ | ৯৩০০-২২৪৯০/- | ১৮-৩০ বছর | সরকারী/সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটারে ন্যূনতম ০৬ মাসের সার্টিফিকেট কোর্স পাশসহ ০৩ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এইচএসসি/সমমান পরীক্ষা পাশ। উক্ত পদে প্রার্থীদের কম্পোজ প্রতি মিনিটে ইংরেজীতে কমপক্ষে ৩৫ ও বাংলায় কমপক্ষে ২৫ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ১১ | কম্পিউটার টেকনিশিয়ান | ০১ | ১৬ | ৯৩০০-২২৪৯০/- | ১৮-৩০ বছর | সরকারী/সরকার কর্তৃক প্রতিষ্ঠান হতে কম্পিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার বিষয়ে ন্যূনতম ০৬ মাসের সার্টিফিকেট কোর্স পাশসহ ০৩ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এইচএসসি/সমমান পরীক্ষা পাশ। |
| ১২ | কম্পাউন্ডার | ০৩ | ১৬ | ৯৩০০-২২৪৯০/- | ১৮-৩০ বছর | বিজ্ঞান বিভাগে এসএসসি পাশসহ ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি অথবা সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা কোর্স পাশ। |
| ১৩ | ডাটা এন্ট্রি অপারেটর | ০১ | ১৬ | ৯৩০০-২২৪৯০/- | ১৮-৩০ বছর | সরকারী/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার এ ন্যূনতম ০৬ মাসের সার্টিফিকেট কোর্সসহ ০২ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ। উক্ত পদে প্রার্থীদের কম্পোজ প্রতি মিনিটে ইংরেজীতে কমপক্ষে ৩৫ ও বাংলায় কমপক্ষে ২৫ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ১৪ | পাম্প অপারেটর | ০১ | ১৭ | ৯০০০-২১৮০০/- | ১৮-৩০ বছর | পাম্প অপারেটর হিসেবে কাজ করার ০৩ বছরের অভিজ্ঞতাসহ এসএসসি/সমমান পাশ হতে হবে। |

চলমান পাতা-২

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৫ | নিরাপত্তা প্রহরী | ১৬ | ২০ | ৮২৫০-২০০১০/- | ১৮-৪০ বছর | সেনাবাহিনী/পুলিশ বাহিনী/আনসার বাহিনীর অভিজ্ঞতাসমেত এসএসসি/সমমান পাশ। আনসার বাহিনীর সদস্যদের ক্ষেত্রে Running CC সহ অভিজ্ঞতা সম্পন্ন সদস্যরা অগ্রাধিকার পাবেন। |
| ১৬ | ফায়ারম্যান | ০৫ | ২০ | ৮২৫০-২০০১০/- | ১৮-৩০ বছর | এসএসসি পাশ। প্রার্থীর উচ্চতা ন্যূনতম ৫´-৫" বুকের পরিধি ন্যূনতম ৩২" এবং ওজন ন্যূনতম ১১০ পাউন্ড হতে হবে। |
| | মোট পদ সংখ্যা= ৫৪ টি | | | | | |

## আবেদন করার নিয়ম ও অন্যান্য শর্তাবলীঃ-

১। প্রার্থীকে সাদা কাগজে আবেদন করতে হবে। আবেদনপত্রে আবেদনকৃত পদের নাম, প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ, ৩১/১০/২০২২ খ্রি. তারিখে প্রার্থীর বয়স, জাতীয়তা, ধর্ম, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ক্রমানুযায়ী বিস্তারিত উল্লেখপূর্বক সাদা কাগজে দরখাস্ত করতে হবে। আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে খামের উপর উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ ও ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

২। ৩১/১০/২০২২ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। নিরাপত্তা প্রহরী পদে সেনাবাহিনী/পুলিশবাহিনী/আনসার বাহিনীর অভিজ্ঞতা সমেত সর্বোচ্চ বয়সসীমা ৪০ বছর। উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের সূত্র নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ তারিখ ২২/০৯/২০২২খ্রি. মোতাবেক গত ২৫/০৩/২০২০খ্রি. তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে আবেদন করতে পারবেন।

৩। বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র/এসএসসি সনদ এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার অ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। আবেদনপত্রের সাথে সরকারি বা স্বায়ত্তশাসিত সরকারি সংস্থার প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদ, নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত জাতীয় পরিচয়পত্র ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৫। আবেদনকারী কোন মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের কপিসহ মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। মুক্তিযোদ্ধাদের সন্তান কোটায় নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের এ বিষয়ে দাখিলকৃত সনদ সঠিক মর্মে প্রশাসনিক মন্ত্রণালয় হতে প্রত্যয়নপত্র প্রাপ্তির পর নিয়োগপত্র প্রদান করা হবে। মুক্তিযোদ্ধা কোটায় চাকুরি দাবিদার সকল প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নিম্নে প্রদত্ত নির্ধারিত ছক আলাদা কাগজে পূরণ করে আবেদনপত্রের সাথে পাঠাতে হবে।

**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্ধারিত ছক**

| ক্রম | বিষয় | বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মুক্তিযোদ্ধার নাম | | |
| (২) | পিতার নাম | | |
| (৩) | উপজেলা/জেলার নাম | | |
| (৪) | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্ম তারিখ/জন্ম সনদ | | |
| (৫) | মুক্তিবার্তা নাম্বার, গেজেট নাম্বার ও তারিখ | | |
| (৬) | মন্ত্রণালয়ের সনদ নাম্বার, তারিখ ও স্মারক নাম্বার | | |
| (৭) | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | | |
| (৮) | মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | | |
| (৯) | বামুস সনদ নাম্বার ও তারিখ | | |
| (১০) | মুক্তিযোদ্ধার নাতি/নাতনি দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতামাতার জাতীয় পরিচয়পত্র | | |
| (১১) | মুক্তিযোদ্ধার উত্তরাধিকার সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদ | | |
| (১২) | ভারতীয় তালিকার নাম্বার ও কপি (যদি থাকে) | | |

৬। প্রার্থী উপজাতি হলে উপজাতি মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

চলমান পাতা-৩

৭। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র (NOC) দাখিল করতে হবে।

৮। অবসরপ্রাপ্ত সশস্ত্রবাহিনীর সদস্যদের আবেদনের সাথে অবশ্যই ডিসচার্জবুক/খালাসি বইয়ের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৯। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপিসহ উপস্থিত হতে হবে এবং এক সেট সত্যায়িত কপি জমা দিতে হবে।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণযোগ্য হবে।

১১। লিখিত, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ এবং চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের চাকুরিতে প্রথম যোগদান পর্যন্ত কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। আবেদনপত্র সর্বশেষ ৩০/১১/২০২২খ্রি. তারিখের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, টিএসপি কমপ্লেক্স লিমিটেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪ -এ ঠিকানায় পৌঁছাতে হবে। আবেদন পত্রের সাথে টিএসপি কমপ্লেক্স লিমিটেড এর অনুকূলে ক্রমিক ১-১৩ এ বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) এবং ১৪-১৬ এ বর্ণিত পদের জন্য ১০০/- (একশত)টাকা মূল্যমানের (অফেতরযোগ্য )ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রেরণ করতে হবে।

১৪। চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীকালে কোন সময় কোন যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, পুলিশ ভেরিফিকেশনে বিরূপ কোন মন্তব্য পাওয়া গেলে, স্বাস্থ্যগত অযোগ্যতার প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোন গুরুতর ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। এছাড়া ক্ষেত্রবিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমাণ পাওয়া গেলে তাকে চাকুরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে যে কোন উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৫। যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং এরূপ ক্ষেত্রে নিয়োগ প্রক্রিয়া চলাকালীন যে কোন পর্যায়ে চাকুরিতে আবেদনকারীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১৬। কর্তৃপক্ষ নিয়োগের যে কোন পর্যায়ে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। এই নিয়োগ ও নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে), পরীক্ষার সময়সূচি ও ফলাফল টিএসপিসিএল এর নিজস্ব ওয়েবসাইট www.tspcl.gov.bd -এ পাওয়া যাবে।

মিজানুর রহমান ২৯।১০।২২

(মোঃ মিজানুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে।